০১৫/

## সভা নং-৩১৫

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১৩/০১/২০২২ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার সহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>তিনি বলেন, উপজেলার ৩টি ইউনিয়ন, ২নং বটিয়াঘাটা ইউনিয়ন, ৪নং সুরখালী ইউনিয়ন এবং ৫নং ভান্ডারকোট ইউনিয়ন পরিষদ নির্বাচন,২০২১ পরবর্তি গেজেট প্রকাশিত ও শপথ অনুষ্ঠান শেষ হয়েছে। সে মোতাবেক নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণ আজ প্রথম সভায় যোগদান করেছেন। তিনি নবাগত সকল ইউপি চেয়ারম্যানদের স্বাগত জানান এবং সকলের সাথে মিলেমিসে কাজ করার আহবান জানান। সরকারের উন্নয়নমূলক কাজে চেয়ারম্যানদের সকল ধরনের সহোযোগীতা করা হবে বলে তিনি জানান।<br>সভাপতি মহোদয় আরো বলেন, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিত কাজ করতে হবে। করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন নিয়ে যে নির্দেশনা আসছে সে গুলি বাস্তবায়নে সকলকে সহযোগীতা করতে হবে। প্রয়োজনে বাইরে গেলে অবশ্যই মাস্ক পরতে হবে। যারা টিকা নেন নাই তাদের দ্রুত টিকার আওতায় আনতে হবে।<br>সভাপতি মহোদয় বলেন, নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানীর বিদ্যুৎ লাইন আমিরপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের উপর দিয়ে সংযোগ করছে। বিশেষ করে খারাবাদ গ্রামের উপর দিয়ে একাধিক পাওয়ারগ্রীড কোম্পানীর বৈদ্যুতিক টাওয়ার স্থাপন হয়েছে। যার ফলে গ্রামবাসীর বসতবাড়ি, ফসলী জমি এবং গাছপালার ব্যপক ক্ষতি হয়েছে। সে তুলনায় ভূক্তভোগীরা ক্ষতিপূরণ পায়নি। নতুন করে আবার বৈদ্যুতিক লাইন টানা হলে এবং টাওয়ার স্থাপন করা হলে গ্রামবাসী আরো ক্ষতির সম্মুখিন হবে। সুতারং নতুন বিদ্যুতের লাইন ও টাওয়ার গ্রামের পাশ দিয়ে প্রবাহিত নদীর তীর দিয়ে স্থাপন করা হলে গ্রাম বাসী সমূহ ক্ষতির হাত থেকে রেহায় পাবে। তিনি নতুন বিদ্যুতের লাইন ও টাওয়ার গ্রামের পাশে প্রবাহিত নদীর তীর দিয়ে স্থাপন করার জন্য এবং সরকার নির্ধারিত জমি, গাছপাল ও ফসলের ক্ষতিপূরণ দেওয়া জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ডিসেম্বর,২০২১ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়করন করা হয়।<br>নব-নির্বাচিত ইউপি চেয়ারম্যান বৃন্দদের সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়।<br>কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয় এবং জনসমাগম এড়িয়ে চলার জন্য এবং সকলকে মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়।<br>সভায় আলোচনাঅন্তে আমিরপুর ইউনিয়নের খারাবাদ গ্রমের নতুন বিদ্যুতের লাইন ও টাওয়ার গ্রামের পাশে প্রবাহিত নদীর তীর দিয়ে স্থাপন করার জন্য এবং সরকার নির্ধারিত জমি, গাছপাল ও ফসলের ক্ষতিপূরণ দেওয়া জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপস্থিত সকল সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার বলেন, মহান বিজয় দিবসে,২০২১ যথাযথ মর্যদায় পালনের জন্য দিন ব্যপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিলো, দিবস উদযাপনে সকলকে সহযোগীতা করেছেন। মহান বিজয় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী জাতীর উদ্দেশে শপথ বাক্য পাঠ করান ।<br>তিনি বলেন, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসন সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিত কাজ করে চলেছে। করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন নিয়ে নির্দেশনা আসছে সে গুলি বাস্তবায়নে সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। প্রয়োজনে বাইরে গেলে অবশ্যই মাস্ক পরতে হবে।<br>তিনি আরো বলেন, উপজেলার ৩টি ইউনিয়ন, বটিয়াঘাটা ইউনিয়ন, সুরখালী ইউনিয়ন এবং ভান্ডারকোট ইউনিয়ন পরিষদ নির্বাচন,২০২১ পরবর্তি গেজেট প্রকাশিত ও শপথ অনুষ্ঠান শেষ হয়েছে। সে মোতাবেক নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান বৃন্দের আজ প্রথম সভা, তিনি সকল চেয়ারম্যানদের স্বাগত জানানা এবং সকলের সাথে মিলেমিসে কাজ করার আহবান জানান।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বটিয়াঘাটা উপজেলা পরিষদের গৃহিত (ক) বটিয়াঘাটা ইউনিয়নের হোগলবুনিয়া শশ্মানঘাটে যাত্রী ছাউনী নির্মাণ (খ) বটিয়াঘাটা উপজেলা পরিষদের শিশু পার্ক সংস্কার ও উন্নয়ন (গ) বটিয়াঘাটা উপজেলা পরিষদের লাইব্রেরী নির্মাণ (ঘ) বটিয়াঘাটা উপজেলা পরিষদের শহীদ মিনার সংস্কার ও নির্মাণ (ঙ) বটিয়াঘাটা উপজেলা পরিষদের ষ্টোর রুম সংস্কার (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২২) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.013) কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মুন্না এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন আছে। অত্র প্যাকেজের অন্তর্গত বটিয়াঘাটা উপজেলা পরিষদের শিশু পার্ক সংস্কার ও উন্নয়ন কাজের মধ্যে শিশুদের বিনোদন/শরীর চর্চার জন্য ০২টি দোলনা,০২টি স্লিপার ও ০২টি ব্যালান্স স্থাপন কাজ অন্তর্ভূক্ত আছে। উপজেলা পরিষদের শিশুপার্কে বর্তমান বিদ্যমান সীমিত পরিসরে উল্লেখিত ০৬টি প্রমোদ উপকরণ স্থাপিত হলে শিশুদের পক্ষ্যে উল্লেখিত ক্রীড়া উপকরণে আরোহন,আনন্দ উপভোগ তথা স্বাভাবিক চলাচল কষ্টসাধ্য হবে। তিনি উল্লেখিত প্রমোদ উপকরণের অর্ধেক সংখ্যক শিশুপার্কে এবং অবশিষ্ট অর্ধেক সংখ্যক উপজেলা পরিষদের কোয়াটার এলাকায় স্থাপনের প্রস্তাব করেন। | মহান বিজয় দিবস,২০২১ যথাযথ ভাবে পালনে সহযোগীতা করার জন্য সকলকে ধন্যবাদ জানানো হয়।<br>কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয় এবং জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।<br>নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান বৃন্দদের সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়।<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ শিশুপার্কে ০১টি দোলনা,০১টি স্লিপার ও ০১টি ব্যালান্স স্থাপনের এবং উপজেলা পরিষদের কোয়াটার এলাকায় নির্মানাধীন আনসার আবাসনের পূর্বপার্শ্বে ০১টি দোলনা,০১টি স্লিপার ও ০১টি ব্যালান্স স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। টিকা দেওয়ার কার্যক্রম সুন্দরভাবে চলছে। ইতোমধ্যে ৪০৬ জনকে বুস্টার ডোজ দেওয়া হয়েছে। এছাড়া ১২ বছর থেকে ১৭বছর ৩৬৪দিনের সকল বাচ্চাদের ফাইজারের টিকা দেওয়ার কার্যক্রম চলছে। টিকাকার্যক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সার্বিক সহযোগীতা করছেন।<br>তিনি আরো বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি মাত্র এ্যাম্বুলেন্স আছে সেটাও অকেজ হয়ে রয়েছে অনেক দিন যাবত। নতুন একটি এ্যাম্বুলেন্সের চাহিদা দেওয়া হয়েছে। এখনও পাওয়া যায়নি।<br>তিনি বলেন, | ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়। | |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, তরমুজ চাষের সিজন চলছে। প্রয়োজনীয় সারের চাহিদা চেয়ে অতিরিক্ত চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। বিগত সেপ্টেম্বর/২০২১খ্রিঃ মাসের(৮২.৮৯%) তুলনায় অক্টোবর/২০২১খ্রিঃ মাসে(৮২.৯৯%) সেবা গ্রহীতার হার বৃদ্ধি পেয়েছে। এ অগ্রগতির হার প্রজেকশন অনুযায়ী সন্তোষজনক। পরিবার পরিকল্পনা বিভাগের কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের<br><br>দ্বারা বিগত অক্টোবর/২০২১ খ্রিঃ মাসে ৩০২ টি গর্ভকালীন সেবা, ১২০টি প্রসব পরবর্তী সেবা, ৯৭৭ টি শিশু স্বাস্থ্য সেবা ও ২৩৭৪টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। তাছাড়া অক্টোবর/২১খ্রিঃ মাসে ০-<৫ বছর বয়সী ০২ জন শিশুর বিভিন্ন জটিলতায় মৃত্যু হয়েছে এবং কোন মাতৃ মৃত্যু নেই। বটিয়াঘাটা উপজেলার ২৪/৭ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে তিনটি। এর মধ্যে বালিয়াডাঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র প্রতিমাসে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়ে থাকে। কিন্তু বালিয়াডাঙ্গায় কোন আয়া কর্মরত না থাকায় কার্যক্রম পরিচালনায় সমস্যার সৃষ্টি হচ্ছে। সভায় আরও জানানো হয় যে, আগামী ১৮- ২৩ ডিসেম্বর, ২০২১খ্রিঃ পর্যন্ত দেশব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ অনুষ্ঠিত হবে। সেবা সপ্তাহ সফল করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে অক্টোবর/২০২১ মাসে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প সুরখালী ইউনিয়নে ২৪/১১/২০২১খ্রিঃ তারিখ, বালিয়াডাঙ্গা ইউনিয়নে ২৮/১১/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা সিঃ মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন উপজেলা ১০জন জেলেদের বিকল্প কর্মস্থানের জন্য একটি করে | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বকনা গরু প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, তার অফিসের টয়লেটের অবস্থা খুবই নাজুক। তার কক্ষে একটি মাত্র টয়লেট রয়েছে সেখানে সকল স্টাফ এবং অফিসে আগত ব্যক্তিবর্গ উক্ত টয়লেটটি ব্যবহার করেন। তিনি তার অফিসে একটি টয়লেট নির্মানের জন্য সভাকে অনুরোধ করেন। | সভায় আলোচনাঅন্তে সিঃউপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে একটি টয়লেট নির্মানে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয় এবং এ বিষয়ে উপজেলা প্রকৌশলী একটি প্রাক্কলন তৈরি করে আগামী সভায় উপস্থাপন করবেন। | প্রকৌশলী। |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার দপ্তরের একটি প্রদর্শনী মেলা আয়োজনের জন্য পত্র পেয়েছেন তবে এখন বরাদ্দ পান নাই। বরাদ্দ পেলে নির্দেশনা মোতাবেক করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা সহ:শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, নতুন বছরের প্রথম দিন বাচ্চাদের হাতে বই তুলে দেওয়া হয়েছে। কিছু বই এখনও আসে নাই আসলে দ্রুত বিতরন করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। তিনি আরো বলেন, ১২ বছর থেকে ১৭বছর ৩৬৪দিনের সকল বাচ্চাদের ফাইজারের টিকা দেওয়ার কার্যক্রম চলছে। সার্বক্ষনিক উপস্থিত থেকে বাচ্চাদের টিকা নিতে সহযোগীতা করছি। তিনি বলেন বঙ্গবন্ধু আইসিটি ভবন নির্মানের কাজ আগামী মাসে শুরু হবে বলে আশা করা যাচ্ছে। এছাড়া শীত কালীন ক্রীড়া প্রতিযোগীতা ১৮-২৫জানুয়ারি চলবে এ বিষয়ে আজ বেলা ৩টায় কমিটির সভা রয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সহঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ১৮-৩৫ যে সকল যুব বেকার পুরুষ মহিলা রয়েছে তাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন দেওয়া হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন বয়স্কভাতা শতভাগ ও বিধাব ভাতা ৬০% ভাতার আওতায় আসছে। তাদের ডাটা এন্ট্রি ও যাচাই-বাছাই হয়েছে এখন ব্যাংক হিসাব খোলা হবে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের চিঠি দেওয়া হয়েছে এবং সকল ইউনিয়নে মাইকিং করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ২নং ইউনিয়ন পরিষদে গিয়ে পুরাতন মাতৃত্ব ভাতাভোগীদের ভাতা প্রদান করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, ২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন ও এডিবি ও রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স কামাল এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন বটিয়াঘাটা ইউনিয়নের ক) হেতালবুনিয়া গ্রামের নাহারীতলা গুনসিন্ধু বাবুর বাড়ি হতে নিখিল বাবুর বাড়ি অভিমুখী রাস্তায় (খ) কিসমত ফুলতলা গ্রামের বাইপাস সড়ক পিচের রাস্তার নিকটস্থ আশরাফ শেখ (ড্রাইভার) বাড়ির সম্মুখ হতে জোয়ার্দ্দার বাড়ি কালভার্ট অভিমুখী রাস্তায় (গ) কিসমত ফুলতলা (মধ্যপাড়া) জোতদার বাড়ি হতে সত্যজিৎ জোতদারের বাড়ি অভিমুখী রাস্তায় (ঘ) বসুরাবাদ গ্রামের নির্মল মন্ডলের বাড়ি হতে প্রমথ বিশ্বাসের বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) বলাবুনিয়া গ্রামের বৈরাগীবাড়ি কালভার্ট হতে শশ্মানঘাট অভিমুখী রাস্তায় (চ) হাটবাটি গ্রামের দক্ষিণ হাটবাটী ধীরেন মহালদারের বাড়ি হতে আশুতোষ মল্লিকের বাড়ি অভিমুখী রাস্তায় (ছ) হাটবাটি বাস ষ্ট্যান্ড বাইতুন নূর জামে মসজিদ সড়কের সম্মুখস্থ মোজাফফরের বাড়ি হতে মোঃ হাফেজ,শেখ হাবিবুর রহমান ও লুৎফর রহমান এর বাড়ি অভিমুখী রাস্তায় (জ) হাটবাটি গ্রামের দক্ষিণপাড়া কার্ত্তিক মিস্ত্রীর বাড়ি হতে খোকন মিস্ত্রীর বাড়ি এবং স্বপন মিস্ত্রীর বাড়ি হতে ব্রজেন মিস্ত্রীর বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ঝ) হেতালবুনিয়া সাইদের বাড়ি হতে পূবালী ব্যাংক অভিমুখী ইটের সোলিং রাস্তা সংস্কার (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২০) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.011) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " বলাবুনিয়া গ্রামের বৈরাগীবাড়ি কালভার্ট হতে শশ্মানঘাট অভিমুখী রাস্তার"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন বাবদ নির্ধারিত ও অতিরিক্ত বরাদ্দ মোট ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত ২টি উপ-প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত অবকাঠামো উন্নয়নমূলক ২টি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স অবন্তী ট্রেডার্স এর মাধ্যমে বাস্তবায়নাধীন | সভায় আলোচনা অন্তে কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br><br>বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন বাবদ নির্ধারিত ও অতিরিক্ত বরাদ্দ মোট ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার উপ-প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত অবকাঠামো উন্নয়নমূলক ২টি উপ-প্রকল্প অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের জন্য অত্র সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তালিকা পরিশিষ্ঠ-গ<br>কাশিয়াডাঙ্গা হামিউস সুন্নাহ মাদ্রাসা ও মসজিদে অজুখানা এবং টয়লেট নির্মাণ কাজের পরিবর্তে কাশিয়াডাঙ্গা হামিউস সুন্নাহ মাদ্রাসা ভবনের অসম্পন্ন কাজ সম্পন্ন করণ প্রকল্প কাজ নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী পরবর্তী | উপজেলা নির্বাহী অফিসার।<br>উপজেলা প্রকৌশলী।<br>সভাপতি, প্রকল্প কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গঙ্গারামপুর ইউনিয়নের (ক) খগেন্দ্রনাথ মহিলা কলেজ সংস্কার (খ) কাতিয়ানাংলা সার্বজনীন দুর্গামন্দিরে টয়লেট নির্মাণ (গ) ডেউয়াতলা বায়তুন নূর জামে মসজিদের অজুখানা ও টয়লেট নির্মাণ (ঘ) কায়েমখোলা হুলা রাধাগোবিন্দ মন্দিরে টয়লেট নির্মাণ (ঙ) কাশিয়াডাঙ্গা হামিউস সুন্নাহ মাদ্রাসা ও মসজিদে অজুখানা এবং টয়লেট নির্মাণ (চ) গঙ্গারামপুর মহিলা মাদ্রাসায় টয়লেট ও বাথরুম নির্মাণ (ই-টেন্ডার আইডি-597528) (প্যাকেজ কোড নং-e-Tender/ Khl/Bati/UDF/W1.019) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নের প্রাক্কালে প্যাকেজভূক্ত " কাশিয়াডাঙ্গা হামিউস সুন্নাহ মাদ্রাসা ও মসজিদে অজুখানা এবং টয়লেট নির্মাণ " কাজের পরিবর্তে বর্তমান বাস্তবতায় অত্র মাদ্রাসা ভবনের অসম্পন্ন কাজ সম্পন্ন করণ অধিক জরুরী মর্মে বিবেচনার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ থেকে আবেদন পাওয়া গেছে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান।<br><br>তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদার জনাব মোঃ বদরুদ্দোজা বাবলু এর মাধ্যমে বাস্তবায়নাধীন জলমা ইউনিয়নের ছয়ঘরিয়া পিচের রাস্তা হতে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের বাড়ি অভিমুখী আরসিসি ঢালাই রাস্তা নির্মাণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫১৪) (প্যাকেজ কোড নং- e-Tender/Khl/Bati/ UDF/W1.007) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় অনুমোদিত চুক্তিমূল্যে অত্র সড়কের কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশে আরসিসি ঢালাই রাস্তা নির্মাণসহ সংলগ্ন সড়কাংশে সোলিং করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। এবং ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এ.রহমান এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন গঙ্গারামপুর ইউনিয়নের (ক) (১) মাছালিয়া প্রতুল এর বাড়ির সম্মুখে (২) আমতলা রাস্তা হতে আন্ধারিয়া মন্ডলের বাড়ি অভিমুখে ও কাতিয়ানাংলা বদরুল শেখ এর বাড়ির পুকুরে এবং আজাহার মোল্যার বাড়ির সম্মুখস্থ রাস্তায় (৩) গোন্ধামারী সুভাষ কবিরাজের বাড়ির সামনে আরসিসি প্যালাসাইডিং (খ) ডেউয়াতলা হতে গোপালখালী অভিমুখে চলমান আরসিসি রাস্তা নির্মাণ (গ) গোপালখালী গ্রামের পলাশ রায়ের বাড়ির পার্শ্বস্থ (গোপালখালী খালের পার্শ্বে) পিচের রাস্তার পার্শ্বে ইউ-ড্রেন নির্মাণ (ঘ) বরণপাড়া কালীমন্দিরের সম্মুখস্থ রাস্তার পার্শ্বের খালে আরসিসি পালাসাইডিং (ই-টেন্ডার আইডি-597527) (প্যাকেজ কোড নং- e-Tender/ Khl/Bati/UDF/W1.018) কাজের প্যাকেজভূক্ত " আমতলা রাস্তা হতে আন্ধারিয়া মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তায় আরসিসি প্যালাসাইডিং" অংশে কার্যস্থলের নামে কিছুটা ভুল আছে মর্মে সংশ্লিষ্ট ইউ.পি'র ওয়ার্ড সদস্য জানিয়েছেন। অত্র কার্যস্থলের প্রকৃত নাম হবে " আমতলা পিচের রাস্তা হতে অম্বরিশ মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তার পার্শ্বস্থ পুকুরে আরসিসি প্যালাসাইডিং"। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন<br>প্যাকেজভূক্ত " আমতলা রাস্তা হতে আন্ধারিয়া মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তায় আরসিসি প্যালাসাইডিং" কার্যাংশের পরিবতে " আমতলা পিচের রাস্তা হতে অম্বরিশ মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তার পার্শ্বস্থ পুকুরে আরসিসি প্যালাসাইডিং" শিরোনামে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উপ: সহ: : জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সহ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণ বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বাগেরহাটের আওতাধীন বটিয়াঘাটা উপজেলায় মেয়াদ উর্ত্তীণ সৃজিত বন বাগান আছে। যার অংশীদারিত্ব হিসাবে উপকারভোগী গ্রুপ রয়েছে। মেয়াদ উর্ত্তীণ সৃজিত বাগানগুলির খাড়াগাছ মার্কিং ও বিক্রয় করা প্রয়োজন। | মেয়াদ উর্ত্তীণ সৃজিত বন বাগান মার্কিং ও বিক্রয়ের বিষয়ে ফরেস্টার,সামাজিক বন বিভাগ বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান, ১নং ইউপি বলেন, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি জনাব পল্লব বিশ্বাস রিটু বলেন, তিনি নির্বাচিত হওয়ার পর শপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | ২নং বটিয়াঘাটা ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব পল্লব বিশ্বাস রিটুকে উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নের প্রচুর তরমুজ চাষ হয়, তিনি তার ইউনিয়নের কৃষকদের বিনামূলে তরমুজের বীজ ও সার দেওয়ার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি জনাব এসকে জাকির হোসেন বলেন, তিনি নির্বাচিত হওয়ার পর শপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, তার ইউনিয়ন পরিষদের অবস্থা খুবই নাজুক বিশেষ করে টয়লেটের অবস্থা খুব খারাপ। সংস্কার করার বিষয়ে তিনি সভাকে অনুরোধ করেন। | ৪নং সুরখালী ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব এসকে জাকির হোসেন উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ | চেয়ারম্যান ৪নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া তার ইউনিয়নে প্রায় ১.৫লক্ষ টাকা বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে যা পূর্বের চেয়ারম্যান সাহেব বকেয়া করেছেন। | জানানো হয়। | |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | ৫নং ভান্ডারকোট ইউ.পি চেয়ারম্যান জনাব ওবায়দুল্ল্যাহ শেখ সভায় জানান যে, তিনি নির্বাচিত হওয়ার পর শপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি আরো বলেন, তার ইউনিয়ন পরিষদের অবস্থা খুবই নাজুক বিশেষ করে টয়লেটের অবস্থা খুব খারাপ। তিনি বলেন, তার ইউনিয়নে লবন পানি উঠতে না দেওয়ার কারনে তরমুজ,তীল ও অন্যান্য রবি ফসলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কিন্তু চাষাবাদের জন্য কৃষক পানি পায় না। তিনি কিছু টিউবওয়ায়েল বসানো জন্য সভাকে অনুরোধ করেন। তিনি বলেন, কিছু স্বার্থানেসী ব্যক্তি ওয়াপদার নিজ দিয়ে বোরিং করে পাইপ দিয়ে লবন পানি উঠিয়ে ঘের করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভাকে অনুরোধ করনে। তিনি আরো বলেন, তার ইউনিয়নের অনেক লোক চর অঞ্চলে বসবাস করেন। সেখানে যাতায়ত ব্যবস্থা খুবই নাজুক তিনি ইটের সোলিং রাস্তা করার জন্য সভাকে অনুরোধ করেন । | ৫নং ভান্ডারকোট ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব ওবায়দুল্ল্যাহ শেখকে উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন জাবুসা-নারায়নখালী ব্রীজের অবস্থা খুবই নাজুক যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। ভারি যানবাহন যাতে চলাচল করতে না পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর,২১ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৬৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৭০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং জানুয়ারি, ২২ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বাইরে গেলে সকলকে অবশ্যই মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

১৩/০৭/২০২২

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ২৫ তারিখ ঃ ১৭/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, খুলনা ।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা ।
৬। উপজেলা.......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৭। চেয়ারম্যান,.............................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

(মোঃ মমিনুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা ।
**টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১**
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব শেখ মোঃ আশিকুজ্জামান, চেয়ারম্যান ,১নং জলমা, ইউ.পি।
৪. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব এসকে জাকির হোসেন, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৭. জনাব ওবায়দুল্ল্যাহ শেখ, চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট, ইউ.পি।
৮. জনাব শেখ আসাবুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব ডা : অভিজিৎ মল্লিক, আরএমও, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়।
১১. জনাব বঙ্কিম হালদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
১২. জানাব মনিরুল মামুন,সিঃউপজেলা সৎস্য কর্মকর্তা
১৩. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৪. জনাব শিশির দাস, সহঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ।
১৫. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৬. জনাব রফিকুল ইসলাম, সহ :উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৭. জনাব , ছবি রানী সরকার, সহ :উপজেলা শিক্ষা অফিসার।
১৮. জনাব মোঃমাসুদুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী।
১৯. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
২০. জনাব হাসি রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২১. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২২. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তা।
২৩. জনাব মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৪. জনাব হাসিবুর রহমান উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৫. জনাব নারায়ন চন্দ্র মন্ডল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

# সভা নং- ৩১৫

উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের সভার কার্য বিবরণী
সভাপতি: মো: আশরাফুল আলম খান চেয়ারম্যান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা। তারিখ:- ১৩/০১/২২ খ্রি: বেলা:- ১০.০০টায়
সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | |
|---|---|---|---|---|
| ১ | জনাব মো: আশরাফুল আলম খান | চেয়ারম্যান উ: পরি: বটি: খুলনা | [signature] | |
| ২ | " মো: মমিনুর রহমান | উ: নির্বাহী অফিসার | [signature] | |
| ৩ | " নিতাই গাইন | উ: ভাইস চেয়ারম্যান | [signature] | |
| ৪ | " চৈতালী মন্ডল | উ: মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] | |
| ৫ | " শেখ মো: আশিকুজ্জামান | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | [signature] | |
| ৬ | " পল্লব কুমার বিশ্বাস | চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউপি | [signature] | |
| ৭ | " মো: আসলাম হাওলাদার | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | [signature] | |
| ৮ | " এস কে জাকির হোসেন | চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি | [signature] | |
| ৯ | " ওবায়দুল্লাহ শেখ | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | [signature] | |
| ১০ | " শেখ মো: আসাদুর রহমান | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | [signature] | |
| ১১ | " বি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | [signature] | |
| ১২ | " ডা: মো: মিজানুর রহমান | উ: স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | |
| ১৩ | " সেলিনা খাতুন | উ: পরিবার পরি: কল্যাণ কর্মকর্তা | [signature] | |
| ১৪ | " রবিউল ইসলাম | উ: কৃষি অফিসার | [signature] | |
| ১৫ | " মো: মনিরুল মামুন | উ: সিনি: মৎস্য কর্মকর্তা | [signature] | |
| ১৬ | " ডা: বঙ্কিম কুমার হালদার | উ: প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] | |
| ১৭ | " এমদাদুল হক | উ: প্রকল্প বাস্ত: কর্মকর্তা | [signature] | |
| ১৮ | " অমিত সমাদ্দার | উ: সমাজসেবা অফিসার | [signature] | |
| ১৯ | " বি এম আলমগীর কবির | উ: শিক্ষা অফিসার | [signature] | ছবি রানী সরকার |
| ২০ | " হাসি রানী রায় | উ: মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | |
| ২১ | " আমজাদ হোসেন সরদার | উ: যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] | |
| ২২ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উ: প্রকৌশলী | [signature] | মো: মাসুদুর রহমান |
| ২৩ | " মো: হাফিজুর রহমান | উ: সহ: জনস্বাস্থ্য প্রকৌ: | [signature] | |
| ২৪ | " মো: মোস্তফা কামাল | উ: সমবায় অফিসার | [signature] | |
| ২৫ | " শফিউর রহমান | উ: ফরেস্টার | [signature] | |
| ২৬ | " মো: রফিকুল ইসলাম | উ: পল্লী উন্নয়ন [illegible] | [signature] | |